বাসভবনটি ইতোপূর্বে কয়েকবার মেরামত করা হলেও অবস্থার কোন উন্নতি হয়নি। বাসভবনটির ছাদ Damaged হওয়ার কারনে অনেক অংশে ছাদ দিয়ে পানি পড়ে, বীম ফাটল দেখা দিয়েছে এবং দেয়ালের আস্তর বহু অংশে নষ্ট হয়েছে; যার ফলে বর্ষা মৌসুমে বৃষ্টি পানি ঘরে প্রবেশ করে। বাসভবনটি বসবাসের জন্য খুবই ঝুঁকিপূর্ণ উল্লেখ করে তিনি জরুরীভিত্তিতে অপসারণ করা প্রয়োজন মর্মে জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি জরুরীভিত্তিতে বিধি মোতাবেক অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

১৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত) এর আওতায় ৩০% অর্থ পিআইসি'র মাধ্যমে গৃহীত নিম্নোক্ত প্রকল্পগুলি পরিবর্তনের আবেদন পাওয়া গেছে।

| ক্রমিক নং | বর্তমান প্রকল্প | পরিবর্তীত প্রকল্প |
|---|---|---|
| ০১ | খাতামধুপুর ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের খালিশাধুলিয়া প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর রক্ষার্থে আশরাফের পুকুরে গাইডওয়াল নির্মান | খাতামধুপুর ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের খালিশাধুলিয়া প্রাথমিক বিদ্যালয়ের পার্শ্বে আশরাফের পুকুরের ধারে গাইডওয়াল ও পাইকার পাড়ার মসজিদের পার্শ্বে বদিয়ার মেম্বারের পুকুরের ধারে গাইড ওয়াল নির্মান |

**সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে ও সর্বসম্মতিক্রমে উপরোল্লখিত প্রকল্পগুলি প্রাক্কলিত অর্থের পরিমান অপরিবর্তীত রেখে পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো।

১৪। সভায় উল্লেখ করা হয় যে, উপজেলা নির্বাহী অফিসারের শারীরিক নিরাপত্তা রক্ষার্থে নিয়োজিত আনসার সদস্যদের জন্য নির্মিত ব্যারাকের পানির লাইন স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকার প্রাক্কলন দাখিল করেছেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাক্কলন মোতাবেক কাজটি জরুরীভিত্তিতে সম্পন্নের জন্য নিম্নোক্তভাবে প্রকল্প কমিটি গঠন করা হয়।

<u>প্রকল্প কমিটি</u>

| | | | |
|---|---|---|---|
| ১। | মোঃ লাঞ্ছু হাসান চৌধুরী | চেয়ারম্যান,কাশিরাম বেলপুকুর ইউপি | প্রকল্প চেয়ারম্যান |
| ২। | মোঃ নুরননবী সরকার | ইউপি সদস্য,কাশিরাম বেলপুকুর ইউপি | প্রকল্প সদস্য |
| ৩। | মোঃ নজরুল হক | গণ্যমান্য | প্রকল্প সদস্য |
| ৪। | মোঃ ইছাহাক আলী | ইমাম | প্রকল্প সদস্য |
| ৫। | মোঃ আব্দুল জলিল | শিক্ষক | প্রকল্প সদস্য |
| ৬। | মোঃ সিরাজুল ইসলাম | আনছার ভিডিপি | প্রকল্প সদস্য |
| ৫। | মোছাঃ আলিমন নেছা | সমাজ কর্মী | প্রকল্প সদস্য |

১৫। সভায় উল্লেখ করা হয় যে, এ উপজেলার সৈয়দপুর সার্কেল কম্পাউন্ডে এসআই টিনশেড কোয়ার্টার ও নারী কনস্টেবল টিনশেড ব্যারাক ব্যবহার অনুপযোগী/পরিত্যক্ত হওয়ায় ২০১৭ সালে নতুন ভবন নির্মিত হওয়ার পর হতে অফিসিয়াল কার্যক্রম চলছে মর্মে অতিরিক্ত পুলিশ সুপার, সৈয়দপুর সার্কেল, নীলফামারী লিখিতভাবে জানিয়েছেন। জানানোর প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীসহ তাঁর দপ্তরের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী সমন্বয়ে বর্ণিত স্থাপনা সরেজমিনে তদন্ত করে জানান যে, উক্ত পুরাতন ভবন দুটি বড়ধরনের মেরামত ও সংস্কার না হওয়ায় স্থাপনাগুলি জরাজীর্ণ ও বসবাসের জন্য ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। তিনি আরও জানান যে, স্থাপনাগুলির ছাদ, লিনটেল ও ছাদের বিভিন্ন অংশ ফাটল এবং দেয়ালের আস্তর বহু অংশে নষ্ট হয়েছে। যার ফলে বর্ষা মৌসুমে বৃষ্টির পানি ছাদ চুয়ে পড়ে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ভবন দুটি কনডেম ঘোষণা করার জন্য সুপারিশসহ জেলা কমিটি বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৬। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১. | ২০২১-২২ অর্থ বছরে পৌর কর বাবদ | ১,২৫,২৪৮/- |
| ২. | ১৪২৭,১৪২৮ বাংলা সনের ভূমি উন্নয়ন কর | ৮৯,৪৫০/- |
| ৩. | উপজেলা পরিষদের পানির লাইন ও বৈদ্যুতিক ব্যয় বাবদ | ১০,৫৯০/- |
| ৪. | উপজেলা পরিষদের পানির লাইন ও বৈদ্যুতিক ব্যয়ের ভ্যাট বাবদ | ৮৮৮/- |
| ৫. | উপজেলা পরিষদের পানির লাইন ও বৈদ্যুতিক ব্যয়ের আয়কর বাবদ | ৩৫৬/- |
| ৬. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় কর্তৃক ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী বিল (জানু/২২ হতে মার্চ/২২) | ৭৩,৫৭২/- |
| ৭. | চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর মহোদয়ের এপ্রিল/২০২২ মাসের সম্মানি বাবদ | ৪০,০০০/- |
| ৮. | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর এর এপ্রিল/২০২২ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৯. | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর এপ্রিল/২০২২ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |

| | | |
|---|---|---|
| ১০. | উপজেলা পরিষদের মালির মার্চ/২০২২ মাসের মজুরী | ১৫,৯৫০/- |
| ১১. | উপজেলা পরিষদের সুইপারের মার্চ/২০২২ মাসের মজুরী | ১৫,৯৫০/- |
| ১২. | উপজেলা পরিষদের আবাসিক এলাকার ড্রেন পরিস্কার বাবদ ব্যয় | ৮,০০০/- |
| ১৩. | উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ২৬,৮৫০/- |
| ১৪. | কম্পিউটার সামগ্রী ক্রয় বাবদ | ৪,২৯৬/- |
| ১৫. | উপজেলা পরিষদ কার্যালয়ের মার্চ/২০২২ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ | ৪,৪৭৫/- |
| ১৬. | উপজেলা পরিষদের আপ্যায়ন,আনুষঙ্গিক,কম্পিউটার সামগ্রী ক্রয়ের ভ্যাট | ২,৯৮৫/- |
| ১৭. | উপজেলা পরিষদের আপ্যায়ন,আনুষঙ্গিক, কম্পিউটার সামগ্রী ক্রয়ের আয়কর | ১,১৯৪/- |
| ১৮. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের জানু/২২ হতে এপ্রিল/২২ পর্যন্ত মাসের ভ্রমন বিল | ৩৫,০০০/- |
| ১৯. | বোতলাগাড়ী ইউনিয়নে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে আর্থিক সহায়তা বাবদ | ১,১৫,০০০/- |
| ২০. | উপজেলা পরিষদের আবাসিক এলাকার পানির পাম্প ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের বিদ্যুৎ বিল বাবদ (জুন/২১-মে/২০২২) | ১,২১,৭৯৮/- |
| ২১. | দৈনিক নীলফামার বার্তা পত্রিকায় ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিজ্ঞাপন বাবদ | ২৪,৫৭৬/- |
| ২২. | দৈনিক নীলফামার বার্তা পত্রিকায় ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিজ্ঞাপন বাবদ ব্যয়ের ভ্যাট | ৩,৮৪০/- |
| ২৩. | দৈনিক নীলফামার বার্তা পত্রিকায় ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিজ্ঞাপন বাবদ ব্যয়ের আয়কর | ১,০২৪/- |
| ২৪. | দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিজ্ঞাপন বাবদ | ৩৮,৮০০/- |
| ২৫. | দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিজ্ঞাপন বাবদ ব্যয়ের ভ্যাট | ৬,০৭৫/- |
| ২৬. | দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিজ্ঞাপন ব্যয়ের আয়কর বাবদ | ১,৬২০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং করোনাভাইরাসের সংক্রমন হতে নিরাপদ থাকার উদ্দেশ্যে সকলকে সজাগ ও সচেতন থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোখছেদুল মোমিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।

